স্নাতকোত্তর পরীক্ষা ২০২৩

বাংলা

সেমেস্টার ১: কোর্স ১

বাংলা সাহিত্যের ইতিহাস (চর্যাপদ থেকে প্রাক্-ফোর্ট উইলিয়াম)

সময়ঃ ৩ ঘণ্টা পূর্ণমানঃ ৪০

প্রশ্নের মান দক্ষিণপ্রান্তে উল্লিখিত

১০ সংখ্যক প্রশ্নের উত্তর প্রদান আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও।

একক ১

১। বিশ শতকে শ্রীকৃষ্ণকীর্তনের পুথি খুঁজে পাওয়ার ফলে বাংলা সাহিত্যের ইতিহাসের ধারা বিশ্লেষণের ক্ষেত্রে নানা মতামতের টানাপোড়েন কীভাবে দেখা দিল, আলোচনা করো। ১০

২। কৃত্তিবাসী রামায়ণ মধ্যযুগের বাঙালি জীবন ও সংস্কৃতিকে কীভাবে প্রভাবিত করেছে, সে বিষয়ে পর্যালোচনা করো। ১০

৩। বৈষ্ণব পদ রচনায় বিদ্যাপতির কৃতিত্ব বর্ণনা করো। ১০

একক ২

৪। কেতকাদাস ক্ষেমানন্দের কাব্যরচনাকাল ও কবিকৃতির পরিচয় দাও। ১০

৫। অনুবাদক কবি সৈয়দ আলাওলের অনুবাদ সাহিত্য বিষয়ে একটি নিবন্ধ লেখো। ১০

৬। চৈতন্য-জন্মের বহিরঙ্গ ও অন্তরঙ্গ কারণ যথাক্রমে বৃন্দাবন দাস ও কৃষ্ণদাস কবিরাজ দু'জনে দু'ভাবে দেখিয়েছেন।- বিষয়টি ব্যাখ্যা করো। ১০

একক ৩

৭। আর্থ-সামাজিক পটভূমিকার উল্লেখসহ অষ্টাদশ শতকের বাংলা সাহিত্যের স্বরূপ বিশ্লেষণ করো। ১০

৮। শাক্ত পদাবলির ঐতিহাসিক গুরুত্ব আলোচনা করো। ১০

৯। প্রাক্- ফোর্ট উইলিয়াম পর্বের বাংলা গদ্য বিষয়ে একটি নিবন্ধ রচনা করো। ১০

১০। টীকা লেখো (যে-কোনো দুটি): ২x৫=১০

(ক) বাঙালির আত্মপরিচয় ও চর্যাপদ

(খ) মালধর বসু

(গ) বিপ্রদাস পিপিলাই-এর মনসা চরিত্র

(ঘ) কবি মুকুন্দরাম চক্রবর্তী বনাম মুকুন্দ চক্রবর্তীর নাম বিতর্ক

(ঙ) ময়মনসিংহগীতিকা ও দীনেশচন্দ্র সেন

(চ) বর্গীর আক্রমণ ও ভারতচন্দ্রের কাব্য

(ছ) নাথ সাহিত্য

স্নাতকোত্তর পরীক্ষা—২০২৩

বাংলা

সেমেস্টার : ১ কোর্স : ২

(প্রাগাধুনিক পর্বের নির্বাচিত গ্রন্থ)

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ৪০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

**১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও**

**একক - ১**

১। 'চর্যাগীতি'র পাঠ্য একটি পদ অবলম্বনে বৌদ্ধ সহজিয়া শূন্যতাতত্ত্ব বুঝিয়ে দাও। ১০

২। 'সাধনসঙ্গীত হলেও চর্যাগীতিতে কাব্যরসের বৈচিত্র্য অনুপেক্ষণীয়।'— ব্যাখ্যা করো। ১০

৩। 'জামে কাম কি কামে জাম।
সরহ ভণতি অচিন্ত সো ধাম।।' — ছত্র দুটি'র আলোকে পদটির সাধনতত্ত্ব বিশ্লেষণ করো। ১০

**একক - ২**

৪। কবি বিজয়গুপ্তের 'পদ্মাপুরাণ' কাব্যে তৎকালীন সমাজজীবনের যে চিত্র ফুটে উঠেছে, তা দৃষ্টান্তসহ আলোচনা করো। ১০

৫। 'চাঁদ ও মনসার দ্বন্দ্ব সৃষ্টিতে কবি বিজয়গুপ্ত অসামান্য কৃতিত্বের স্বাক্ষর রাখলেও কাব্যের সমাপ্তিতে চাঁদের চরিত্রের পৌরুষ ক্ষুণ্ণ হয়েছে।' — 'পদ্মাপুরাণ' কাব্য অবলম্বনে মন্তব্যটির যৌক্তিকতা বিচার করো। ১০

৬। 'পদ্মাপুরাণ' কাব্যে ভাষা, ছন্দ ও অলংকার ব্যবহারে কবি বিজয়গুপ্তের কৃতিত্বের পরিচয় দাও।
১০

**একক – ৩**

৭। 'অন্নদামঙ্গল' কাব্যের প্রথম খণ্ডে শিব-অন্নপূর্ণার বিবাদ এবং শিবের ভিক্ষাযাত্রার মধ্য দিয়ে কাব্য রচনার মূল উদ্দেশ্য সফল করার দিকে কবি কতটা অগ্রসর হয়েছেন, তা তোমার আলোচনায় দেখাও। ১০

৮। সুন্দর চরিত্রটি মঙ্গলকাব্যের অন্যান্য পুরুষ চরিত্র থেকে কোথায় পৃথক, তা ভারতচন্দ্রের 'অন্নদামঙ্গল' কাব্য অবলম্বনে বিচার করো। ১০

৯। 'অন্নদামঙ্গল' কাব্যের তৃতীয় খণ্ডে মানসিংহের যশোরযাত্রা এবং মানসিংহ ও প্রতাপাদিত্যের যুদ্ধবর্ণনার বৈশিষ্ট্য আলোচনা করো। ১০

১০। টীকা লেখো (যে-কোনো **দুটি**) : ২×৫ = ১০

ক) কাঞ্জুর ও তাঞ্জুর

খ) 'সদ্‌গুরুপাঅপসাএ জাইব পুণু জিণউরা।'

গ) 'পদ্মাপুরাণ' কাব্যে পুরাণ-প্রসঙ্গ

ঘ) 'পদ্মাপুরাণ' কাব্যে 'বস্ত্র বদল' পালা

ঙ) 'অন্নদামঙ্গল' কাব্যের পদ্মিনী

চ) 'অন্নদামঙ্গল' কাব্যের বিদ্যা

-------

স্নাতকোত্তর পরীক্ষা ২০২৩

বাংলা

সেমেস্টার – ১ কোর্স – ৩

প্রাচীন-মধ্যযুগ : নির্বাচিত টেক্সট

সময় – ৩ ঘণ্টা পূর্ণমান- ৪০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও

একক-১

১। 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্য প্রথম থেকে দ্বাদশ বিভিন্ন 'খণ্ড'-এ বিভাজিত। কেবলমাত্র শেষ অংশের নাম 'রাধাবিরহ'। এই নামকরণ কাব্যসূত্রে সঙ্গত কিনা বিশ্লেষণ করো। ১০

২। 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যে কৃষ্ণ-রাধার একাধিক সম্ভোগচিত্র বিদ্যমান।—সম্ভোগচিত্র সমূহের কাব্যগত সার্থকতা অথবা ব্যর্থতা বিচার করো। ১০

৩। 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের রাধা সম্পূর্ণত মর্ত্যমানবী।— তোমার অভিমত ব্যাখ্যা করো। ১০

একক-২

৪। 'কি কহব রে সখি ইহ দুখহ ওর' এবং 'পিরিতি পিরিতি কি রীতি মুরতি'—এই দুটি পদ অবলম্বনে দুজন কবির বিশিষ্টতা সম্বন্ধে আলোচনা করো। ১০

৫। 'রয়নি ছোটি অতি ভীরু রমণী' এবং 'কণ্টক গাড়ি কমল সম পদতল'—এই দুটি পদ অবলম্বনে একটি তুলনামূলক আলোচনা করো। ১০

৬। 'চূড়াটি বাঁধিয়া উচ্চ কে দিল ময়ূরপুচ্ছ' এবং ' মনের মরম কথা তোমারে কহিয়ে এথা'—এই দুটি পদ অবলম্বনে জ্ঞানদাসের কৃষ্ণভাবনার পরিচয় দাও। ১০

একক-৩

৭। 'আপনাকে বড় মানে মোকে সম হীন
সর্ব ভাবে হই আমি তাহার অধীন।।'—
'শ্রীচৈতন্যচরিতামৃত' গ্রন্থের আদিখণ্ড : চতুর্থ পরিচ্ছেদ অবলম্বনে উদ্ধৃতিটির তাৎপর্য বিশ্লেষণ করো। ১০

৮। 'কৃষ্ণ প্রাপ্তির উপায় বহুবিধ হয়।
কৃষ্ণ প্রাপ্তি তারতম্য বহুত আছয়।।'—
'শ্রীচৈতন্যচরিতামৃত' গ্রন্থের মধ্যখণ্ড : অষ্টম পরিচ্ছেদ অবলম্বনে উদ্ধৃতিটির ব্যাখ্যা করো। ১০

৯। 'শ্রীচৈতন্যচরিতামৃত' গ্রন্থের অন্ত্যখণ্ড : বিংশ পরিচ্ছেদ অবলম্বনে শিক্ষাষ্টক শ্লোকগুলির তাৎপর্য আলোচনা করো। ১০

১০। টীকা লেখো ( যে-কোনো দুটি ) : ২ × ৫ = ১০

ক) 'কাহ্নাঞিঁর সম্ভোগ কারণে
লক্ষ্মীক বুলিল দেবগণে।।'

খ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের আইহন।

গ) 'অন্তরে বাহিরে কুট কুট করে
সুখে দুখ দিল বিধি।।'

ঘ) 'ঘরে যাইতে পথ মোর হৈল অফুরান।'

ঙ) 'এই তিন তৃষ্ণা মোর নহিল পূরণ'

চ) 'কৃষ্ণের অনন্ত শক্তি তাতে তিন প্রধান।'

স্নাতকোত্তর পরীক্ষা ২০২৩

বাংলা

সেমেস্টার: ১ কোর্স: ৪

ভাষাতত্ত্ব

পূর্ণমান: ৪০

সময়: ৩ ঘণ্টা

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

১০ সংখ্যক প্রশ্নের উত্তর দেওয়া আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও

একক-১

১। রূপ কাকে বলে? উদাহরণসহ রূপের বিভাজনগুলি আলোচনা করো। ১০

২। সহরূপিম নির্ণয়ের পদ্ধতিগুলি সম্পর্কে তোমার ধারণা ব্যক্ত করো। ১০

৩। প্রাচীন, মধ্য ও আধুনিক বাংলায় বচনের ব্যবহার সম্পর্কে আলোচনা করো। ১০

একক-২

৪। চমস্কির তত্ত্ব অনুসারে পুনর্লিখন সূত্র (rewriting rule) সম্পর্কে আলোচনা করো। ১০

৫। বাংলা বাক্য সংযোজনের বিভিন্ন ধরনগুলি উদাহরণসহ লেখো। ১০

৬। চমস্কির তত্ত্ব অনুসারে পারঙ্গমতাবোধ (competence) সম্পর্কে আলোচনা করো। ১০

একক-৩

৭। অভ্যন্তরীণ পুনর্গঠন ভাষার বর্গীকরণের ক্ষেত্রে কতটা ভূমিকা পালন করে বলে তুমি মনে করো? ১০

৮। প্রাচীন ভারতীয় আর্যভাষার ধ্বনিতাত্ত্বিক ও রূপতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি লেখো। ১০

৯। ভাষা বর্গীকরণের ক্ষেত্রে রূপতত্ত্বনির্ভর বর্গীকরণ পদ্ধতির বিভাজনগুলি বিস্তারিতভাবে আলোচনা করো। ১০

১০। টীকা লেখো (যে-কোনো **দুটি**) ২x৫=১০

(ক) সিদ্ধ ও সাধিত শব্দ

(খ) প্রাচীন বাংলা ভাষায় লিঙ্গের ব্যবহার

(গ) বৈশ্বিক ব্যাকরণ (universal grammar)

(ঘ) সমধর্মী বিশেষ্যগুচ্ছ বিলোপন

(ঙ) মধ্যভারতীয় আর্যভাষার ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্য

(চ) সেমীয়-হামীয় ভাষাবংশ